



জনসংযোগ উপবিভাগ

বাংলা একাডেমি

ঢাকা ১০০০ ফোন : ৫৮৬১১২৪৮ ফ্যাক্স : ৯৬৬১০৮০

ই-মেইল : banglaacademy.pr@gmail.com, bacademy55@gmail.com, ওয়েব সাইট : www.banglaacademy.gov.bd

পত্র সংখ্যা :

তারিখ : ২৩.১১.২০২১

সংবাদ বিজ্ঞপ্তি

শিল্পী কাইয়ুম চৌধুরী স্মৃতি পুরস্কার ২০২১ প্রদান

আজ ৮ই অগ্রহায়ণ ১৪২৮/২৩শে নভেম্বর ২০২১ মঙ্গলবার বিকেল ৩:০০টায় বাংলা একাডেমির শহিদ মুনির চৌধুরী সভাকক্ষে ‘শিল্পী কাইয়ুম চৌধুরী স্মৃতি পুরস্কার ২০২১’ প্রদান করা হয়। অমর একুশে বইমেলা ২০২১-এ অংশগ্রহণকারী প্রতিষ্ঠানগুলোর মধ্য থেকে নান্দনিক অঙ্গসজ্জায় শ্রেষ্ঠ বিবেচিত তিনটি প্রতিষ্ঠানকে ‘শিল্পী কাইয়ুম চৌধুরী স্মৃতি পুরস্কার’ প্রদান করা হয়। প্রতিষ্ঠান তিনটি হলো: উড়কি (এক ইউনিট স্টল), সংবেদ (দুই-চার ইউনিট স্টল) এবং কথাপ্রকাশ (প্যাভিলিয়ন)। পুরস্কার হিসেবে প্রতিটি প্রকাশনা প্রতিষ্ঠানকে ক্রেস্ট, সনদ, এবং অর্থমূল্য হিসেবে পঞ্চাশ হাজার (৫০,০০০) টাকা প্রদান করা হয়।

অনুষ্ঠানে বক্তৃতা প্রদান করেন বাংলা একাডেমির সচিব এ. এইচ. এম. লোকমান, অমর একুশে বইমেলা ২০২১-এর সদস্য-সচিব ড. জালাল আহমেদ, অমর একুশে বইমেলা ২০২১-এর গুণীজন পুরস্কার প্রদান ব্যবস্থাপনা উপকমিটির আহ্বায়ক মোবারক হোসেন এবং পুরস্কারপ্রাপ্ত প্রকাশনা প্রতিষ্ঠানসমূহের প্রকাশকবৃন্দ। সভাপতিত্ব করেন বাংলা একাডেমির মহাপরিচালক কবি মুহম্মদ নূরুল হুদা।

পুরস্কৃত প্রতিষ্ঠানের প্রকাশকবৃন্দ বলেন, কোভিড-১৯ এর বৈরী বাস্তবতাতেও বাংলা একাডেমি অমর একুশে বইমেলা ২০২১-এ অংশগ্রহণকারী প্রকাশনা প্রতিষ্ঠানসমূহের মধ্যে যাচাই-বাছাই করে নান্দনিক অঙ্গসজ্জা বিবেচনায় পুরস্কার প্রদান করে আমাদের কাজের স্বীকৃতি প্রদান করেছে, এজন্য বাংলা একাডেমিকে আমাদের আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ।

কবি মুহম্মদ নূরুল হুদা বলেন, বইমেলায় প্রকাশিত বইয়ের পাশাপাশি স্টলসমূহের নান্দনিকতাও পাঠক এবং জনসাধারণের কাছে সমান গুরুত্বপূর্ণ। বাংলা একাডেমি বিষয়টি বিবেচনায় নিয়ে আমাদের বরণ্য শিল্পী কাইয়ুম চৌধুরীর স্মৃতিতে এই পুরস্কার প্রদান করে আসছে। প্রতিবছর বইমেলায় সমাপনী আয়োজনে পুরস্কারটি প্রদান করা হয়; তবে এ বছর কোভিড-১৯-জনিত বিরুদ্ধ বাস্তবতার কারণে দেরিতে হলেও আজ এ পুরস্কারটি আনুষ্ঠানিকভাবে প্রদান করতে পেরে আমরা আনন্দিত।

অনুষ্ঠান সঞ্চালনা করেন বাংলা একাডেমির উপপরিচালক (চলতি দায়িত্ব) কাজী রোমানা আহমেদ সোমা।

সমীর কুমার সরকার

পরিচালক (চলতি দায়িত্ব)

জনসংযোগ, তথ্যপ্রযুক্তি ও প্রশিক্ষণ বিভাগ

বাংলা একাডেমি, ঢাকা